

অভিবাসন জালিয়াতির শিকার হওয়া থেকে বাঁচুন

আপনার অভিবাসন সংক্রান্ত আইনি উপদেশের প্রয়োজন হলে, **শুধুমাত্র একজন আইনজীবী বা এমন কোনও ব্যক্তির কাছে যান যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায়ালায় (U.S. Department of Justice, DOJ) দ্বারা স্বীকৃত অথবা DOJ দ্বারা অনুমোদিত কোনও সংস্থার কাছে যান।** স্বীকৃত পরিষেবা প্রদানকারীদের তালিকা এখানে পাবেন: www.justice.gov/eoir/recognition-accreditation-roster-reports

অভিবাসন আইন জটিল। প্রতারণামূলক অভিবাসন পরিষেবা প্রদানকারীদের থেকে সাবধান থাকবেন যারা অন্য কিছু বলতে পারে এবং মিথ্যা প্রতিশ্রুতি দিতে পারে।



মিথ্যা প্রতিশ্রুতির থেকে সাবধান থাকবেন যেমন:

- গ্রিন কার্ড সংগ্রহ করার **সহজ** উপায়
- **অবিলম্বে** কাজের অনুমতি বা ভিসা পাওয়ার উপায়
- এখানে **কোনও ঝুঁকি বা পরিবর্তী পরিণাম নেই** এমন নির্দেশক বিবৃতি
- অভিবাসন কর্তৃপক্ষের ওপর **বিশেষ প্রভাবের** দাবি



যা করবেন না:

- সরকারি আবেদন ফর্মের জন্য অর্থ দেবেন **না**-ফর্মগুলি বিনামূল্যের এবং অনলাইন থেকে ডাউনলোড করা যেতে পারে: www.uscis.gov/forms
- আসল নথি দেবেন **না**, তার বদলে প্রতিলিপি দিন
- কোনও ফাঁকা বা অসম্পূর্ণ ফরমে সই করবেন **না**
- যে সব কাগজের তথ্য, অভিবাসন ফরম বা চুক্তি আপনি সম্পূর্ণ বুঝতে পারছেন না সেগুলিতে সই করবেন **না**



যা করবেন:

- **সর্বদা প্রশ্ন করুন** - এমনকি আপনার প্রদানকারী পরিবারের কোনও সদস্য বা বন্ধু সুপারিশ করলেও; প্রদানকারী নিয়ে আপনার আত্মবিশ্বাসী থাকা উচিত
- প্রদানকারী যে DOJ দ্বারা স্বীকৃত বা লাইসেন্স প্রাপ্ত আইনজীবী তার **প্রমাণ চান**
- **একটি দ্বিতীয় মতামত নিন**
- শুধুমাত্র **সেইসব প্রদানকারীর কাছে যান যাদের কার্যালয় রয়েছে**
- **পরিষেবার লিখিত চুক্তি প্রদান করার অনুরোধ করুন** যার ওপর প্রদানকারীর স্বাক্ষর থাকবে - চুক্তি স্বাক্ষর করার আগে পড়ে নিন এবং আপনার রেকর্ডের জন্য স্বাক্ষরিত প্রতিলিপি আপনার কাছে রাখুন
- আপনার জন্য প্রস্তুত করা নথির **কপি পান**
- **লিখিত রসিদ চান** যেখানে প্রদানকারীর নাম ও ঠিকানা রয়েছে

সহায়ক সংস্থানসমূহ:



- আপনার ভাষায় বিনামূল্যে এবং নিরাপদ অভিবাসন আইনি পরিষেবা পেতে, **311 নম্বরে ফোন করে "ActionNYC" বলুন**
- অভিবাসীদের বিরুদ্ধে অভিবাসন জালিয়াতি এবং স্কিম সম্পর্কে অভিযোগ করতে **নিউ ইয়র্ক স্টেট অফিস অফ নিউ আমেরিকান্স -নতুন আমেরিকাবাসীদের জন্য হটলাইন 1-800-566-7636 নম্বরে ফোন করুন**